

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.০৮

০২ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখ:-----।
১৫ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

ক্রমিক	নাম ও পদবি	দায়িত্ব
(১)	জনাব আ, ক, ম, মোজাম্মেল হক মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	আহ্বায়ক
(২)	জনাব ওবায়দুল কাদের মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়	সদস্য
(৩)	জনাব আসাদুজ্জামান খান মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৪)	জনাব মোহাম্মদ হাছান মাহমুদ মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়	সদস্য
(৫)	জনাব আনিসুল হক মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(৬)	জনাব মোঃ তাজুল ইসলাম মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য
(৭)	জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
(৮)	জনাব টিপু মুন্শি মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
(৯)	জনাব মোঃ শাহাব উদ্দিন মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
(১০)	জনাব ইমরান আহমদ প্রতিমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
(১১)	বেগম মনুজান সুফিয়ান প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
(১২)	জনাব খালিদ মাহমুদ চৌধুরী প্রতিমন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়	সদস্য
(১৩)	জনাব ফরহাদ হোসেন প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(১৪)	জনাব মোঃ মাহবুব আলী প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	সদস্য
(১৫)	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী	সদস্য

৩

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৩) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
- (৪) চিফ অব জেনারেল স্টাফ, সেনাসদর
- (৫) মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ
- (৬) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
- (৭) সচিব, জননিরাপত্তা বিভাগ
- (৮) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ
- (৯) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা
- (১০) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা
- (১১) মহাপরিচালক, আনসার ও ভিডিপি
- (১২) মহাপরিচালক, কোস্টগার্ড
- (১৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
- (১৪) মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটেলিয়ান

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবে।

(গ) কমিটির কার্যপরিধি :


- (১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পরিবীক্ষণ ও পর্যালোচনা;
- (২) আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণ পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণ এবং এগুলো দূরীকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- (৩) হরতাল, অবরোধ, ধর্মঘট ও জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী অন্যান্য ঘটনা প্রতিরোধ এবং এর ফলে জনজীবনে সৃষ্ট দুর্ভোগ ও অচলাবস্থা নিরসনের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসমূহের করণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান; এবং
- (৪) উপর্যুক্ত বিষয়বস্তুর সঙ্গে সম্পর্কিত অন্য যে কোনো বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান।

(ঘ) জননিরাপত্তা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ছ) এতৎসংক্রান্ত বিষয়ে পূর্বেকার মন্ত্রিসভা কমিটি বাতিল বলে গণ্য হবে।

(জ) এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৫.০১.১২

(মোহাম্মদ শফিউল আলম)

মন্ত্রিপরিষদ সচিব